

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ মার্চ ২০১৭/২৪ ফাল্গুন ১৪২৩

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৭-৫৩ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পদ সৃষ্টি, পদ স্থায়ীকরণ এবং জনবল নিয়োগ পদ্ধতি (রাজস্ব) প্রভৃতি সমজাতীয় কার্যক্রমকে আরও সহজতর করিবার লক্ষ্যে নিম্নরূপভাবে কমিটি গঠন করিয়াছে :

(ক) কমিটির নাম: পদ সৃষ্টি, পদ স্থায়ীকরণ এবং জনবল নিয়োগ পদ্ধতি (রাজস্ব) প্রভৃতি সমজাতীয় কার্যক্রমকে আরও সহজতর করিবার লক্ষ্যে গঠিত কমিটি।

(খ) কমিটির গঠন :

- |   |            |
|---|------------|
| (১) অতিরিক্ত সচিব (সওব্যা), জনপ্রশাসন মন্ত্রণালয়                           | - আহ্বায়ক |
| (২) অতিরিক্ত সচিব (ব্যয় নিয়ন্ত্রণ/রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান), অর্থ বিভাগ | - সদস্য    |
| (৩) অতিরিক্ত সচিব (বাস্তবায়ন), অর্থ বিভাগ                                  | - সদস্য    |
| (৪) অতিরিক্ত সচিব, প্রস্তাব প্রেরণকারী প্রশাসনিক মন্ত্রণালয়                | - সদস্য    |

(গ) কমিটির কার্যপরিধি :

- (১) কমিটি প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পদ সৃজন/বিলুপ্তকরণ/স্থায়ীকরণ/পদনাম পরিবর্তন/পদবি উন্নীতকরণ ইত্যাদি সংক্রান্ত প্রস্তাব পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ করিয়া প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করিবে; এবং
- (২) যে সকল পদের বেতন স্কেল ও নিয়োগযোগ্যতা নির্ধারণের প্রয়োজন সে সকল পদের বেতন স্কেল ও নিয়োগযোগ্যতা নির্ধারণের জন্য কমিটি অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগে প্রস্তাব প্রেরণ করিবে।

(ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের প্রতিনিধিগণের মতামতকেই উক্ত মন্ত্রণালয়/বিভাগের সম্মতি হিসাবে গণ্য করা হইবে।

(ঙ) কমিটি পরীক্ষামূলকভাবে ০৬ মাসের জন্য কাজ করিবে।

(চ) কমিটি ০৬ মাসের কার্যক্রমের অভিজ্ঞতার নিরিখে এ সংক্রান্ত পরবর্তী করণীয় সম্পর্কে সুপারিশসহ একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করিবে।

(ছ) কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কোন কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপ্ট করিতে পারিবে।

(জ) জনপ্রশাসন মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ মোস্তাফিজুর রহমান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)।

উপপরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ১০০ (একশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল।]


অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০১.১৭-৫৩

২৪ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ  
তারিখ:-----  
০৮ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত সচিব ..... মন্ত্রণালয়/বিভাগ।
- ৫। যুগ্মসচিব, আইসিটি, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

  
(মনজুর আহমেদ)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫১১০৮১।